উপজেলা পরিষদ
ত্রিশাল, ময়মনসিংহ।
ত্রিশাল উপজেলা পরিষদ এর মার্চ /২০২৩ মাসের মাসিক সভার কার্যবিবরণী।

সভাপতি : মোঃ আবদুল মতিন
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
ত্রিশাল, ময়মনসিংহ।

স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ।
তারিখ : ২০/০৩/২০২৩ খ্রি.
সময় : বেলা ১১:০০ ঘটিকা।

উপস্থিত সদস্য : পরিশিষ্ট "ক"

সভাপতি উপস্থিত সদস্যগণকে শুভেচ্ছা জ্ঞাপন করে সভার কাজ শুরু করেন। তিনি সভায় আলোচ্যসূচি অনুযায়ী সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার জনাব মোঃ আক্তারুজ্জামান সম্মানিত সদস্যগণকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে গত ০৯/০২/২০২৩ খ্রি. তারিখে অনুষ্ঠিত উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা করেন। পঠিত কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।

অত:পর আলোচ্যসূচির ক্রমধারা অনুযায়ী বিভাগীয় কর্মকর্তাগণকে তাঁদের বিভাগীয় কার্যাবলী এবং অগ্রগতি উপস্থাপন করার জন্য অনুরোধ জানানো হয় এবং আলোচনান্তে নিম্নেবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র.নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১ | এল.জি.ই.ডি : উপজেলা প্রকৌশলী অত্র মাসিক সাধারণ সভার সম্মানিত সভাপতিসহ সকল সদস্যকে শুভেচ্ছা ও সালাম জানিয়ে অবহিত করেন যে, এলজিইডি বিভাগের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | উপজেলা প্রকৌশল বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, ত্রিশাল, ময়মনসিংহ। |
| ০২ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ : উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। কোন সমস্যা নেই। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। |
| ০৩ | উপজেলা কৃষি বিভাগ : উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। কোন সমস্যা নেই। | উপজেলা কৃষি বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। |
| ০৪ | উপজেলা মৎস্য বিভাগ : সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, মঠবাড়ী ইউনিয়নের ডাওহাইল বিল ও কেচুরী বিলের জন্য বিলের তলার ২ টি জলাশয়ে ২ কেজী রেণু ১-২ মাস লালন পালন করে মুক্ত জলাশয়ে মুক্ত করে দেওয়া হবে। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | উপজেলা মৎস্য বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। |
| ০৫ | উপজেলা প্রাণিসম্পদ বিভাগ : উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় কোন আলোচনা করা সম্ভব হয়নি। | - | - |

Scanned with CamScanner

| | | | |
|---|---|---|---|
| ০৬ | **উপজেলা সমাজসেবা বিভাগ ঃ**<br>উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান যে, উপজেলা পরিষদের নিয়ন্ত্রনাধীন বইলর মঠবাড়ী দারুল হুদা বালিকা দাখিল মাদ্রাসা সংলগ্ন বিভাগীয় পরিবার উন্নয়ন কেন্দ্রটি বর্তমানে অব্যবহৃত অবস্থায় রয়েছে। বইলর মঠবাড়ী দারুল হুদা বালিকা দাখিল মাদ্রাসা এর সুপার/সম্পাদক জনাব মোখলেছুর রহমান উল্লেখিত পরিবার উন্নয়ন কেন্দ্রটি মাদ্রাসার কার্যক্রম পরিচালনা জন্য অনুমতি চেয়ে আবেদন দাখিল করেছেন। উপজেলা চেয়ারম্যান মহোদয় সভায় বলেন যে, শর্তসাপেক্ষে মাদ্রাসার কার্যক্রম পরিচালনার জন্য অস্থায়ীভাবে অনুমতি প্রদান করা যেতে পারে। | যেহেতু, পরিবার উন্নয়ন কেন্দ্রটি বর্তমানে অব্যবহৃত অবস্থায় রয়েছে এবং বইলর মঠবাড়ী দারুল হুদা বালিকা দাখিল মাদ্রাসা এর সুপার /সম্পাদক উল্লেখিত পরিবার উন্নয়ন কেন্দ্রটি মাদ্রাসার কার্যক্রম পরিচালনা জন্য অনুমতি চেয়ে আবেদন দাখিল করেছেন, সেহেতু, নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে মাদ্রাসার কার্যক্রম পরিচালনার জন্য অস্থায়ীভাবে অনুমতি প্রদান করার সিদ্ধান্ত গৃহিত হয়।<br>০১। পুরাতন গৃহ ও ভূমির কোন প্রকার ক্ষতি সাধণ করতে পারবে না এবং কোনরুপ ক্ষতি হতে তা নিজ খরচে ঠিক/মেরামত করবেন।<br><br>০২। সর্বোচ্চ ০১ (এক) মাসের নোটিশে সরকারি প্রয়োজনে মাদ্রাসা কর্তৃপক্ষ ভূমি/জমির দখল ছাড়তে বাধ্য থাকবেন।<br><br>০৩। প্রতিমাসের ০৭ (সাত) তারিখের মধ্যে মাসিক ভাড়া বাবদ=১,০০০/- (এক হাজার) টাকা পরিবার উন্নয়ন কেন্দ্র ভাড়া তহবিল শিরোনামে পরিচালিত সঞ্চয়ী হিসাব নং-১২৮৯২, সোনালী ব্যাংক, ত্রিশাল শাখায় জমা করতে হবে।<br><br>০৪। নিজ খরচে =৩০০/- (তিনশত) টাকা নন জুডিসিয়াল ষ্ট্যাম্পে চুক্তিপত্র সম্পাদন করতে হবে। এছাড়া অন্যান্য শর্তসমূহ =৩০০/- (তিনশত) টাকার নন জুডিসিয়াল ষ্ট্যাম্পে লিপিবদ্ধ করতে হবে। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। |
| ০৭ | **উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগ :**<br>উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, ত্রিশাল উপজেলায় ১৮১ টি সরকারী প্রর্থমিক বিদ্যালয় রয়েছে। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। ১২-১৪ মার্চ জাতীয় সপ্তাহের উপকরণ দেয়ায় জেলা পর্যয়ে ১ম স্থান অর্জন করেছে । মানসম্মত প্রথমিক শিক্ষা নিশ্চিত করার জন্য কাজ চলমান রয়েছে। | উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। |
| ০৮ | **উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ :**<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। কোন সমস্যা নেই। | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। |

Scanned with CamScanner

| | | | |
|---|---|---|---|
| | **উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ :** উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, তাঁর বিভাগীয় উপজেলা পরিবার পরিকল্পনা কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান আছে। উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয় থেকে নিয়মিত ভাবে পরিবার পরিকল্পনা সেবা মা ও শিশু স্বাস্থ্য বিষয়ক সেবা ও চিকিৎসা প্রদান করা হচ্ছে। ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র সমূহ হতে নিয়মিত মা ও শিশু স্বাস্থ্য বিষয়ক সেবা প্রদান করা হচ্ছে। প্রত্যন্ত অঞ্চলে সেবা প্রদানের লক্ষ্যে নিয়মিত ভাবে স্যাটেলাইট ক্লিনিকের আয়োজন করা হচ্ছে। বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠভাবে চলমান আছে। | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। |
| ১০ | **দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ বিভাগ :** উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, মার্চ/২০২৩ মাসে উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগের FFW/TR/কাবিটা প্রকল্পের আওতায় ১ম প্রর্যায়ের কাজ ইতি মধ্যে শেষ হয়েছে। ২য় প্রর্যায়ের কাজ প্রায় ৮০% শেষ হয়েছে। দ্রুত কাজ শেষ করার জন্য সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানানো হয়।<br>এ কার্যালয়ের EGPP এর ১ম প্রর্যায়ের কাজ সুন্দর ও সুষ্ঠুভাবে শেষ হয়েছে। এখন রিপেটি রিটার্নের কাজ চলমান রয়েছে। ২য় প্রর্যায়ের কাজ শুরু করার জন্য প্রকল্প গ্রহণ করার জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করা হলো।<br>এদপ্তর হতে অত্র উপজেলায় মোট ০৫টি ব্রীজ/কালভার্ট এর কাজ চলমান রয়েছে, আগামী এপ্রিল/২৩ মাসের মধ্যে কাজ শেষ হওয়ার সম্ভাবনা রয়েছে।<br>এ দপ্তরের অত্র উপজেলায় মোট ৩.০০০ (তিন কিলোমিটার) রাস্তার কাজ চলমান রয়েছে। এপ্রিল/২৩ মাসের মধ্যে কাজ শেষ হবে বলে আশা করছি।<br>এছাড়া বিভাগের ত্রান/অন্যান্য কাজ স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। |
| ১১ | **উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ :** সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নেই । সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহের প্রকল্পের পানি উৎসের স্থাপনের কাজ দ্রুত শুরু হবে। | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য, ত্রিশাল, ময়মনসিংহ। |
| ১২ | **উপজেলা মহিলা বিষয়ক বিভাগ ঃ** উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জনান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। কোন সমস্যা নেই। | উপজেলা মহিলা বিষয়ক বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। |
| ১৩ | **উপজেলা সমবায় বিভাগ** উপজেলা সমবায় কর্মকর্তা জানান যে, সার্বিক গ্রাম উন্নয়ন কর্মসূচী ( ৩য় পর্যায়) এর সমিতি সমূহের কার্যক্রম চলমান ও সদস্যদের দীর্ঘ মেয়াদী প্রশিক্ষন চলমান । দপ্তরের অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | উপজেলা সমবায় বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। |
| ১৪ | **উপজেলা বন বিভাগ :** উপজেলা বন কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় কোন আলোচনা করা সম্ভব হয়নি। | - | - |
| ১৫ | **উপজেলা যুব উন্নয়ন বিভাগ :** উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় কোন আলোচনা করা সম্ভব হয়নি। | - | - |

Scanned with CamScanner

| | | | |
|---|---|---|---|
| ১৬ | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ ঃ<br>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। |
| ১৭ | উপজেলা আইসিটি বিভাগ ঃ<br>উপজেলা আইসিটি কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় কোন আলোচনা করা সম্ভব হয়নি। | - | - |
| ১৮ | উপজেলা তথ্য আপা :<br>উপজেলা তথ্য আপা সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | উপজেলা তথ্য আপা বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা তথ্য আপা, ত্রিশাল, ময়মনসিংহ। |
| ১৯ | ইউজিডিপি :<br>ইউডিএফ, ইউজিডিপি সভায় জানান যে, আগামি অনলাইন এসেসমেন্ট (PA7) এ পূর্ণ নম্বর পেতে ত্রিশাল উপজেলার ২০২৩-২৪ অর্থবছরের 'বার্ষিক উন্নয়ন বাজেট' ও 'বার্ষিক উন্নয়ন পরিকল্পনা' আগামি ৩১ মে, ২০২৩ এর মধ্যে উপজেলা পরিষদের ওয়েব পোর্টালে আপলোড করতে হবে। এ লক্ষ্যে এখনই প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এ সভার মাধ্যমে সবিনয় দৃষ্টি আকর্ষণ করছি।<br>ইউজিডিপি প্রকল্পের ২০২০-'২১ (৫ম রাউন্ড) অর্থবছরের বরাদ্দ দ্বারা বাস্তবায়নের জন্য অনুমোদিত অবকাঠামো প্রকল্পের সর্বশেষ উপপ্রকল্পের কাজ সম্পন্ন হওয়ায় উপজেলা প্রকৌশলী সভাকে অবহিত করেন যে, " ডিজিটাল স্মার্ট স্কুল নেটওয়ার্ক তৈরীর জন্য মাধ্যমিক বিদ্যালয় সমূহে স্মার্ট টিভি সরবরাহ করণ, উপপ্রকল্প নং- আইএনএফ -২০২০-'২১.৪৫৬১৯৪ (০২) যার ইউজিডিপি অনুমোদিত প্রাক্কলিত মূল্য ভ্যাট ও আইটিসহ =২৫,৬৬,০১১/-( পঁচিশ লক্ষ ছেষট্টি হাজার এগারো) টাকা এবং সর্বমোট পরিশাধ যোগ্য বিল ( ভ্যাট ও আইটিসহ) ১৯৯৯৮০০/ = (উনিশ লক্ষ নিরানব্বই হাজার আট শত) টাকা মাত্র এর কাজ সম্পন্ন হয়েছে এবং ঠিকাদার প্রতিষ্ঠান প্রতিবন্ধী আসিফ এন্টারপ্রাইজ চূড়ান্ত বিলের জন্য উপজেলা চেয়ারম্যান বরাবরে আবেদনপত্র দাখিল করেছেন যা উপজেলা চেয়ারম্যান মহোদয় পরবর্তী ব্যবস্থা গ্রহণের নির্দেশনাসহ আমার দপ্তরে প্রেরণ করেন।<br>উল্লেখিত বিলটি উপজেলা পরিষদ কর্তৃক অনুমোদিত হলে বরাদ্দ ছাড়ের জন্য ঢাকা ইউজিডিপি প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে। সে কারণে বিলটি অনুমোদনের প্রস্তাব সভায় উপস্থাপন করা হলো। | প্রস্তাবমতে ডিজিটাল স্মার্ট স্কুল নেটওয়ার্ক তৈরীর জন্য মাধ্যমিক বিদ্যালয় সমূহে স্মার্ট টিভি সরবরাহ করণ, উপপ্রকল্প নং- আইএনএফ -২০২০-'২১.৪৫৬১৯৪ (০২) এর চূড়ান্ত বিলটি যথাযথ ভাবে প্রস্তুত করে বরাদ্দ ছাড়ের জন্য ইউজিডিপি প্রধান কার্যালয়, ঢাকাতে প্রেরণের জন্য অনুমোদনের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হলো। | উপজেলা প্রকৌশলী, ত্রিশাল, ময়মনসিংহ। |

সভাপতি উপস্থিত সকল সদস্যকে আগামী দিনগুলিতে নিজ নিজ দায়িত্ব সঠিকভাবে পালন করে ত্রিশাল উপজেলার উন্নয়নে সহযোগিতা করার অনুরোধ জানান। অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি আবারও সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ আবদুল মতিন)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ত্রিশাল, ময়মনসিংহ

Scanned with CamScanner